

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

## স্নাতকোত্তর প্রোগ্রামে কোর্স রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, লেদার ইঞ্জিনিয়ারিং, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং, গণিত, রসায়ন এবং পদার্থ বিজ্ঞান বিভাগে স্নাতকোত্তর প্রোগ্রামে যে সকল ছাত্র/ছাত্রী অধ্যয়ন করছে তাদেরকে আগামী ০১/০১/২০২০ইং হতে ২৩/০১/২০২০ইং তারিখের মধ্যে ২০২০ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারের কোর্স ও থিসিস/প্রোজেক্ট এর রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত হারে ফি পরিশোধান্তে কোর্স রেজিস্ট্রেশন করতে বলা যাচ্ছে।

উল্লেখ্য যে, ২০২০ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কোর্স রেজিস্ট্রেশন বাবদ কোন ফি প্রদান করতে হবে না। তাদেরকে শুধুমাত্র অনলাইনে কোর্স রেজিস্ট্রেশন করতে হবে।

### ফি এর বিবরণ

সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯		
১।	কোর্স রেজিস্ট্রেশন ফি প্রতি Credit hour ১০০/- টাকা হারে	
২।	চিকিৎসা ফি *	২২০.০০
৩।	পরীক্ষার ফি	৩৫০.০০
৪।	থিসিস/প্রোজেক্ট ফি প্রতি Credit hour ১০০/- টাকা হারে	
৫।	ইন্টারনেট ফি *	১৮০.০০
৬।	গ্রেডশীট	৫০.০০
৭।	পরিবহন ফি *	২২৫.০০
৮।	বিদ্যুৎ *	৩০০.০০
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩		
৯।	ধর্মীয় ফি	২৫.০০
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩		
১০।	ছাত্র বিষয়ক কার্যক্রম	৭৫.০০
১১।	সাহিত্য ও সংস্কৃতি ফি	৪৫.০০
১২।	খেলাধুলা ফি	১২৫.০০
১৩।	বার্ষিকী	৩০.০০
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০		
১৪।	জরুরী সাহায্য তহবিল	১০০.০০
সঞ্চয়ী হিসাব নং-০১০০০৮৬৯৪৯৭৭১		
১৫।	বিএনসিসি	২০.০০

আরও উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষার্থীদের (বিভাগীয় প্রার্থী) ক্ষেত্রে ‘\*’ চিহ্নিত পরিবহন, বিদ্যুৎ, চিকিৎসা এবং ইন্টারনেট ফি প্রযোজ্য হবে না।

জরিমানা ছাড়া কোর্স রেজিস্ট্রেশনের শেষ তারিখঃ ২৩/০১/২০২০ইং।

৩০০/- (তিনশত) টাকা জরিমানাসহ কোর্স রেজিস্ট্রেশনের তারিখঃ ২৬/০১/২০২০ইং হতে ০৯/০২/২০২০ইং তারিখ পর্যন্ত।

### অনলাইন রেজিস্ট্রেশন করার নিয়মাবলী :

- ০১) ছাত্র-ছাত্রীদেরকে স্ব স্ব বিভাগ হতে User ID ও Password সংগ্রহ করে অনলাইনে (academic.kuet.ac.bd/pg/) রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। স্ব স্ব বিভাগীয় প্রধান কর্তৃক অফারকৃত কোর্স এর মধ্য থেকে যে সকল কোর্স নিতে ইচ্ছুক সে সকল কোর্স টিক (✓) চিহ্ন দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং A4 সাইজের কাগজে Landscape mode এ প্রিন্ট নিতে হবে। প্রিন্টকৃত রেজিস্ট্রেশন কার্ডে নিজের, সুপারভাইজার, কোর্স কো-অর্ডিনেটর এবং বিভাগীয় প্রধানের স্বাক্ষরের (সিলসহ) পর রেজিস্ট্রেশন কার্ডসহ শিক্ষা শাখায় যোগাযোগ করতে হবে।
- ০২) পূরণকৃত রেজিস্ট্রেশন কার্ড ফটোকপি করে কোর্স কো-অর্ডিনেটর ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের দপ্তরে জমা দিতে হবে এবং এক কপি নিজের কাছে রাখতে হবে।
- ০৩) টাকা জমা দেওয়ার রশিদে নির্ধারিত হারে ফি-এর টাকা পূরণপূর্বক তা শিক্ষা শাখা কর্তৃক যাচাই এর পর টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং টাকা জমা রশিদের শিক্ষা শাখার কপিসহ ও পূরণকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষা শাখায় জমা দিতে হবে।
- ০৪) অনলাইনে রেজিস্ট্রেশনের সময় কোন ধরণের সমস্যার সম্মুখীন হলে সে ক্ষেত্রে শিক্ষা শাখা অথবা পরীক্ষা শাখার সহকারী প্রোগ্রামার জনাব মোঃ আসাফ- উদ্দৌলা গোলাপ এর সাথে যোগাযোগ করতে হবে।

স্বাক্ষরিত/-

২২/১২/১৯

(জি, এম, শহিদুল আলম)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/২১৩৭/৩২

তারিখঃ ২২/১২/২০১৯ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। ইনস্টিটিউট পরিচালক, সকল ইনস্টিটিউট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক, আইআইসিটি, অত্র বিশ্ববিদ্যালয়। অত্র বিজ্ঞপ্তিটি ইন্টারনেটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। লাইব্রেরিয়ান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। ম্যানেজার, জনতা ব্যাংক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, খুলনা। ছাত্র-ছাত্রীদের ভর্তি ফি ও অন্যান্য পাওনাদি জমা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার ছাড়পত্র ছাড়া কোন টাকা জমা না নেয়ার জন্যও অনুরোধ করা হলো।
- ১০। সকল নোটিশ বোর্ড।
- ১১। সংরক্ষণ নথি।

(সেখ আক্বাছ আলী)

ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা